

3

**বুয়েট কোর্স ও পরীক্ষা
পুনর্গঠন কমিটির
সুপারিশ**

বাংলাদেশ প্রকৌশল ও কারি-
গরি বিশ্ববিদ্যালয় (বুয়েট)-এর
কোর্স ও পরীক্ষা পুনর্গঠন কমিটি
সুপারিশ করেছে যে, প্রকৌশল
কারিকুলামের কোর্সের সংখ্যা
পাঁচে কমিয়ে আনা উচিত। খবর
বাগসর।

বুয়েটের উপাচার্যের কাছে
সম্প্রতি পেশ করা রিপোর্টে কমিটি
জানায় এতে ছাত্ররা একটি
অনিদিষ্ট বিষয়ে মনোযোগ দিতে
এবং সে ব্যাপারে অধিকতর জ্ঞান
অর্জন করতে পারবে।

অধ্যাপক ইকবাল মাহমুদের
নেতৃত্বে গঠিত ১০ সদস্যের কমিটি
১০ দফা সুপারিশ পেশ করে।
এসব সুপারিশের মধ্যে রয়েছে
প্রতিটি শিক্ষাবর্ষকে ১৩ থেকে
১৪ সপ্তাহ মেয়াদী দুই সেমিষ্টারের
পৃথকীকরণ সূতকপূর্ব ছাত্রদের
কন্টাক্ট আওয়ার ৩৩ থেকে
কমিয়ে ২৫শে নিয়ে আসা এবং
আনুষ্ঠানিক পরীক্ষার জন্য প্রস্তুতি
মূলক ছুটি-কমপক্ষে ৫০ শতাংশ
কমিয়ে আনা।

কমিটি পরীক্ষার ফলাফল
সংক্রান্ত বর্তমান ব্যবস্থা পরিবর্ত-
নের সুপারিশ করে।